**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ৭ জুলাই ২০১৫, ২৩ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কক্সবাজারকে আধুনিক পর্যটন নগরী করা হবে
: মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন
২। ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন বিল সংসদে উত্থাপন
৩। বাতিল এমএলএম কোম্পানি মানুষ ঠকাচ্ছে : সংসদে বাণিজ্যমন্ত্রী
৪। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শীর্ষে বাংলাদেশ : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
৫। ছিটমহলে যৌথ জনগণনা শুরু
৬। একাদশ শ্রেণিতে ভর্তির দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ
৭। প্রাথমিক শিক্ষকদের বদলির নতুন নীতিমালা জারি
৮। ঈদের বিশেষ লঞ্চ সার্ভিস ১৪ জুলাই থেকে
৯। ঢাকা ও চট্টগ্রামে যৌথ অভিযানে ১২শ' কেজি বিস্ফোরক উদ্ধার
১০। রফিকুল ইসলাম মিয়াসহ ১৬ জনকে গ্রেফতারের নির্দেশ
১১। চলছে ফিটনেসবিহীন লঞ্চ মেরামত : ডকইয়ার্ডগুলোতে তদারকি নেই কর্তৃপক্ষের

চলমান পাতা/২

১। কক্সবাজারকে আধুনিক পর্যটন নগরী করা হবে : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

পরিকল্পিত নগরায়ণের মাধ্যমে কক্সবাজারকে আধুনিক পর্যটন নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৫'র খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ৬ জুলাই সোমবার জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (পৃ.৩,ক.৬), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৭)।

২। ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন বিল সংসদে উত্থাপন

বৈদেশিক মুদ্রা ও সিকিউরিটিজের ক্রয়-বিক্রয় ও পরিশোধ এবং কারেন্সি ও বুলিয়নের আমদানি-রপ্তানি নিয়ন্ত্রণের লক্ষ্যে জাতীয় সংসদে ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন (সংশোধন) বিল ২০১৫ উত্থাপন করা হয়েছে। গতকাল ৬ জুলাই সোমবার জাতীয় সংসদে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বিলটি উত্থাপন করেন। বিলটি পরীক্ষা-নিরীক্ষা করে আগামী দেড় মাসের মধ্যে রিপোর্ট দেওয়ার জন্য অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরণ করা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.১), সমকাল (পৃ.২,ক.৬), ইত্তেফাক (পৃ.২,ক.১), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.২)।

৩। বাতিল এমএলএম কোম্পানি মানুষ ঠকাচ্ছে : সংসদে বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বাতিল হওয়া কতিপয় মাল্টি লেভেল মার্কেটিং (এমএলএম) কোম্পানি হাইকোর্টে রিট করে প্রতারণার ফাঁদ পেতে নিরীহ মানুষকে ঠকাচ্ছে। গতকাল ৬ জুলাই সোমবার জাতীয় সংসদে এক বিবৃতিতে তিনি এসব কোম্পানির ব্যাপারে সতর্ক হওয়ার আহ্বান জানিয়েছেন। মন্ত্রী বলেন, লাইসেন্স পেতে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস-এ ২৭টি এমএলএম কোম্পানি আবেদন করে। মন্ত্রণালয় এসব কোম্পানিকে লাইসেন্স দেয়নি। বাণিজ্যমন্ত্রী বলেন, এসব কোম্পানির বিরুদ্ধে সতর্ক থাকতে সকল বিভাগীয় কমিশনারের কাছে চিঠি দেওয়া হয়েছে। বাণিজ্যমন্ত্রী লাইসেন্স বাতিলকৃত কোম্পানিগুলোর নাম প্রকাশ করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৫), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৪), যায়যায়দিন (পৃ.৩,ক.২)।

৪। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে শীর্ষে বাংলাদেশ : সংসদে পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী জানিয়েছেন, স্বাধীনতার পর থেকে ভারতের সঙ্গে বাংলাদেশের ৮৭টি চুক্তি হয়েছে। আর বাংলাদেশি ওমরাহ পালনকারীরা ওমরাহ পালনের পর নির্দিষ্ট সংখ্যক দেশে ফিরে না আসার কারণে স্বয়ংক্রিয়ভাবে ভিসা বন্ধ হয়ে গেছে। গতকাল ৬ জুলাই সোমবার জাতীয় সংসদে দশম জাতীয় সংসদের ২০১৫-১৬ অর্থবছরের বাজেট অধিবেশনে বিভিন্ন সংসদ সদস্যের প্রশ্নের জবাবে এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী। তিনি আরো বলেন, সরকার সাম্প্রতিক সময়ে পাচার হওয়া ২,৩৮৫ জন বাংলাদেশিকে উদ্ধার করেছে। এছাড়া জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সদস্য প্রেরণের দিক থেকে বাংলাদেশ শীর্ষে। সূত্র-ইনকিলাব (পৃ.৩,ক.২), সমকাল (পৃ.৩,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২)।

৫। ছিটমহলে যৌথ জনগণনা শুরু

পূর্বঘোষণা অনুযায়ী বাংলাদেশ ও ভারতের ভেতরে থাকা ১৬২টি ছিটমহলে গতকাল ৬ জুলাই সোমবার থেকে যৌথ জনগণনা শুরু হয়েছে। চলবে ১৬ জুলাই পর্যন্ত। ফলাফল প্রকাশ করা হবে ২০ জুলাই। এর আগে সর্বশেষ গণনা হয়েছিল ২০১১ সালে। ছিটমহলবাসীর নাগরিকত্ব নির্ধারণ ছাড়াও এ গণনার লক্ষ্যগুলোর মধ্যে আছে ছিটমহলের প্রকৃত জনসংখ্যা, ঘরবাড়ি, ভোগদখলকৃত জমি, অর্থসম্পদ ও আর্থসামাজিক অবস্থার একটি পূর্ণাঙ্গ হিসাব তৈরি করা। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), যুগান্তর (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)। ইত্তেফাক, সংবাদ, নিউজ টুডে, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। একাদশ শ্রেণিতে ভর্তির দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ

একাদশ শ্রেণিতে ভর্তির দ্বিতীয় মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। এবার ভর্তির জন্য ১৭ হাজার ৬৪৭ শিক্ষার্থীকে মনোনীত করে এই মেধা তালিকা প্রকাশ করা হয়। গতকাল ৬ জুলাই সোমবার সন্ধ্যা সাড়ে ৬টায় এ তালিকা প্রকাশ করেছে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি। তবে দ্বিতীয় এ তালিকা প্রকাশের পরেও কলেজ ভর্তির বাইরে আছে এসএসসি পাস তিন লাখ ৪৩ হাজার শিক্ষার্থী। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৫), ডেইলি সান (শেষ পৃ.,ক.৮), নিউজ টুডে (পৃ.৩,ক.৫)।

৭। প্রাথমিক শিক্ষকদের বদলির নতুন নীতিমালা জারি

আগের নীতিমালা সামান্য সংশোধন করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলির নতুন নীতিমালা করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। নতুন নীতিমালা অনুযায়ী, সাধারণত জেলার সদর উপজেলা ও জেলার সদর পৌরসভার বাইরের বিদ্যালয়ের সহকারী শিক্ষকেরা সদর উপজেলা বা সদর পৌরসভার বিদ্যালয়গুলোতে বদলি হতে

পারবেন না। আগে এ ধরনের বদলির সুযোগ ছিল। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় গত ৫ জুলাই রোববার নতুন এ নীতিমালা জারি করে। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.১), সমকাল (পৃ.৩,ক.২), জনকণ্ঠ (পৃ.৩,ক.৩)।

৮। ঈদের বিশেষ লঞ্চ সার্ভিস ১৪ জুলাই থেকে

ঈদে যাত্রী হয়রানি দূর ও সেবা নিশ্চিত করতে বিআইডব্লিউটিএর চেয়ারম্যানের সভাপতিত্বে প্রস্তুতি সভা করেছে ঢাকা নদীবন্দর কর্তৃপক্ষ। গতকাল ৬ জুলাই সোমবার সদরঘাট লঞ্চ টার্মিনালের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় টার্মিনালে যাত্রী হয়রানি বন্ধে ও যাত্রীসেবা নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ এবং ঈদ সামনে রেখে ১৪ জুলাই থেকে বিশেষ লঞ্চ চালুর সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৬), যুগান্তর (পৃ.১,ক.৫), যায়যায়দিন (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

৯। ঢাকা ও চট্টগ্রামে যৌথ অভিযানে ১২শ' কেজি বিস্ফোরক উদ্ধার

ককটেল ও শক্তিশালী বোমা তৈরির ১২শ' কেজি বিস্ফোরকসহ চারজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। গত ৫ জুলাই রোববার থেকে গতকাল ৬ জুলাই সোমবার ভোর পর্যন্ত ঢাকা ও চট্টগ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানিয়েছে, তারা বোমা ও বোমা তৈরির উপাদান সন্ত্রাসীদের কাছে বিক্রি করে থাকে। তবে তারা কোনো জঙ্গি কিংবা রাজনৈতিক সংগঠনের সদস্য কিনা তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম। গতকাল ৬ জুলাই সোমবার ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৪)। জনকণ্ঠ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। রফিকুল ইসলাম মিয়াসহ ১৬ জনকে গ্রেফতারের নির্দেশ

রাজধানীর পল্লবী থানার নাশকতার মামলায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়াসহ ১৬ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। গতকাল ৬ জুলাই সোমবার ঢাকার জ্যেষ্ঠ বিশেষ জজ আদালতের বিচারক মো. কামরুল হোসেন মোল্লা এ আদেশ দেন। এর আগে মামলার অভিযোগপত্র আমলে নেন বিচারক। এ সময় আসামিরা আদালতে উপস্থিত না থাকায় এ পরোয়ানা জারি করেন। সূত্র-সংবাদ (পৃ.১, ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.৩,ক.৭)।

১১। চলছে ফিটনেসবিহীন লঞ্চ মেরামত : ডকইয়ার্ডগুলোতে তদারকি নেই কর্তৃপক্ষের

ঈদকে সামনে রেখে রাজধানীর উপকণ্ঠ কেরানীগঞ্জ, হাসনাবাদ, নারায়ণগঞ্জসহ দেশের বিভিন্ন ডকইয়ার্ডগুলোতে এখন রাজ্যের ব্যস্ততা। জরাজীর্ণ লঞ্চগুলোকে সারিয়ে তোলা হচ্ছে জোড়াতালি দিয়ে। এরই ফাঁকে ফিটনেসবিহীন অনেক লঞ্চও নৌপথে নামার প্রস্তুতি সম্পন্ন করেছে বলে খবর রয়েছে। অভিযোগ রয়েছে-ফিটনেসবিহীন ওইসব লঞ্চ মেরামতে সরকারিভাবে কোনো তদারকি নেই। উল্টো অভিযোগ রয়েছে-সংশ্লিষ্ট প্রশাসনকে টাকা দিলেই ফিটনেসবিহীন লঞ্চ চলাচলের অনুমতি মেলে। সূত্র-ভোরের কাগজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : বাংলাদেশ ও ভারতের মধ্যে থাকা ছিটমহলে জনগণনা শুরু হয়েছে উল্লেখ করে ছিটমহলের সব বাসিন্দাদের স্বার্থ ও অধিকার যাতে যথাযথভাবে নিশ্চিত হয় সে ব্যাপারে প্রশাসনের নজরদারির সুপারিশ;

খ. ইত্তেফাক : যশোর মৎস্যজীবীদের নামে ইজারা প্রদান করা সরকারি জলমহাল স্থানীয় নেতা ও তাদের লোকজন ভোগদখল করছে উল্লেখ করে দেশের বিভিন্ন স্থানে এধরনের ভুয়া মৎস্যজীবীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

গ. জনকণ্ঠ, সমকাল : বিচার বিভাগের গঠনমূলক সমালোচনা করা যেতে পারে প্রধান বিচারপতির এ মন্তব্য যথাযথ উল্লেখ করে বিচার বিভাগ যাতে মানুষের আস্থা ও শ্রদ্ধার কেন্দ্রস্থল থাকে তা নিশ্চিত করতে বিচারকদের সততা ও নিষ্ঠাকে সর্বতোভাবে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : দেশের দুই-তৃতীয়াংশ শিশু পরিবারেই শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হচ্ছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিচালিত এক জরিপে তা উঠে এসেছে উল্লেখ করে অভিভাবকরা যাতে মানবিক আচরণ করে আধুনিকভাবে শিশুদের লালন পালন করে সে ব্যাপারে সচেতনতা সৃষ্টি করার সুপারিশ;

ঙ. যুগান্তর : চিকিৎসকরা বিভিন্ন ওষুধ কোম্পানির কাছ থেকে অনৈতিক উৎকোচ নিয়ে অখ্যাত সব কোম্পানির মানহীন ওষুধ কিনতে রোগীদের বাধ্য করার ঘটনার নিন্দা জানিয়ে এসব নৈরাজ্য মোকাবিলায় সরকারের হস্তক্ষেপ কামনা;

চ. ফিনানশিয়াল এক্সপ্রেস : ঈদে ঘরে ফেরা মানুষের সড়ক,নৌ,রেলযাত্রা যাতে নির্বিঘ্ন হয় সে ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার আহ্বান;

ছ.	নিউ নেশন : বিভিন্ন ব্যাংকের পরিচালক নিয়োগে নিরপেক্ষতা বজায় রাখার সুপারিশ;

জ.	ডেইলি সান : অর্থনীতিতে অবদান রাখা দেশের পর্যটন শিল্পের বিকাশে যথাযথ পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে তথ্য প্রযুক্তিভিত্তিক অর্থনীতি গড়ে তুলতে সফটওয়্যার শিল্পের পাশাপাশি হার্ডওয়্যার শিল্পকে সমান্তরালভাবে এগিয়ে নিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'মুনাফা নয়, মানের গুরুত্ব দরকার' শিরোনামের নিবন্ধে ড. সুলতান মাহমুদ রানা বিদ্যমান বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে যথাযথ তদারকির ব্যবস্থা করে সেখানে মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনে সুনির্দিষ্ট বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা